গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.pressinform.gov.bd

**বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সুরথ কুমার সরকার, প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ২৯.০৩.২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) জনাব মোহাম্মদ মাহমুদুল হাসান তথ্য অধিদফতরের ২০২০-২০২১ অর্থবছরের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ৩য় প্রান্তিকের (জানুয়ারি থেকে মার্চ) কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি দফাওয়ারি সভায় উপস্থাপন করেন। নৈতিকতা কমিটির উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং ৪র্থ প্রান্তিকের (এপ্রিল থেকে জুন) বাস্তবায়নযোগ্য কর্মকান্ডের ওপর আলোচনা/মতামত শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্র.ন. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ৩য় প্রান্তিকের (জানুয়ারি থেকে মার্চ) অগ্রগতির প্রতিবেদন অনুমোদন বিষয়ে অগ্রগতি/প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়। | নৈতিকতা কমিটি কর্তৃক ৩য় প্রান্তিকের (জানুয়ারি থেকে মার্চ) অগ্রগতির প্রতিবেদন সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |
| ০২ | কোভিড-১৯ পরিস্থিতিতে তথ্য অধিদফতরের কর্মকর্তা/ কর্মচারীদের যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | করোনা ভাইরাস সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে ২৯.০৩.২০২১ তারিখে সরকারের জারীকৃত সিদ্ধান্তসমূহ বাধ্যতামূলকভাবে অনুসরণের জন্য অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীরে উদ্বুদ্ধ করতে সকল শাখা প্রধানকে অনুরোধ জানানো হয়। | সকল শাখা প্রধান ও সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন/সমন্বয়) |
| ০৩ | ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | করোনা ভাইরাস সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদানের পরিবর্তে এপ্রিলের ২য় সপ্তাহের মধ্যে প্রধান তথ্য অফিসার মহোদয় সদর দফতরের এবং আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসারগণ স্বস্ব দফতরের পুরস্কারপ্রাপ্তদের শুদ্ধাচার পুরস্কার ২০২০ প্রদান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদানে বাছাই কমিটি |
| ০৪ | তথ্য অধিদফতরের ওয়েবসাইট এবং তথ্য বাতায়নের তথ্যসমূহ হালনাগাদকরণের বিষয়ে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা এবং আঞ্চলিক তথ্য অফিসের লিংক স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | তথ্য অধিদফতরের ওয়েবসাইটের যাবতীয় কনটেন্ট হালনাগাদকরণ অব্যাহত থাকবে এবং আঞ্চলিক তথ্য অফিসের লিংক/কর্ণার দৃশ্যমান করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন, সমন্বয়) ও ওয়েব অ্যাডমিন |
| ০৫ | করোনা স্বাস্থ্যবিধি অনুসরণে ঘনঘন সাবান দিয়ে হাত ধোয়া/হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবো, সামাজিক দূরত্ব বজার রাখবো এবং মাস্ক ব্যবহার করবো- বিষয়টি ৪র্থ প্রান্তিকের উত্তম চর্চা নির্ধারণ করা হয়। | একটি সার্কুলার জারীর মাধ্যমে বিষয়টি কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |
| ০৬ | অধিদফতরের সকল শাখা পরিদর্শনের অংশ হিসেবে অন্যান্য শাখা পরিদর্শন/প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় আলোচনা হয়। | সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়) অধিদফতরের ক্রয় ও হিসাব শাখা পরিদর্শনপূর্বক আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়) |
| ০৭ | তথ্য অধিদফতরের সামাজিক যোগাযোগ মাধ্যম 'PID BD আইডিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ আশাব্যঞ্জক নয়। সরকারের প্রচার ও উন্নয়ন কর্মকান্ডের পোস্টে সক্রিয় থাকার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সকল কর্মকর্তা/কর্মচারীকে 'PID BD আইডিতে সক্রিয় থাকার বিষয়ে একটি অফিস আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |

চলমান পাতা/০২

NIS Forwarding Nikosh-2017

| | | | |
|---|---|---|---|
| ০৮ | ৪র্থ প্রান্তিকের জন্য দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে সরকারি চাকরি সংক্রান্ত বিধি-বিধান, সুশাসন সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ অনুষ্ঠান বিষয়ে আলোচনা হয়। | ৫০ জনঘণ্টা প্রশিক্ষণ নীতিমালার আওতায় এ ধরণের প্রশিক্ষণ চলমান থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |
| ০৯ | নথি ব্যবস্থাপনায় স্বচ্ছতার জন্য সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাসের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়। | অধিদফতরের প্রায় সকল শাখা হতে নথির শ্রেণিবিন্যাস তালিকা পাওয়া গেছে। যে শাখা হতে এখনো নথির শ্রেণিবিন্যাস তালিকা পাওয়া যায়নি ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে তালিকা সংগ্রহের সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |
| ১০ | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণে গঠিত কমিটির কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়। | নথি বিনষ্টকরণে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রাপ্ত তালিকা হতে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। | নথি বিনষ্টকরণ কমিটি ও সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |
| ১১ | দুর্নীতি বিরোধী ফিচার/নিবন্ধ-এর গৃহীত লক্ষ্যমাত্রা ০৮টি মধ্যে ০৪টি ফিচার পত্রিকায় প্রকাশিত হয়েছে। লক্ষ্যমাত্রাপূরণে আরো ০৪ (চার)টি ফিচার/নিবন্ধ সংগ্রহ/প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | স্বনামধন্য লেখক/জনসংযোগ কর্মকর্তাদের নিকট থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী আরো ০৪ (চার)টি ফিচার/নিবন্ধ সংগ্রহ ও প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | চিফ ফিচার রাইটার/ ফিচার রাইটার |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুরথ কুমার সরকার
প্রধান তথ্য অফিসার
ফোন: ৯৫৪৬০৯১

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৮)./১১১৪

তারিখ: ৩১.০৩.২০২১ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১। অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার(প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ/মনিটরিং/প্রশাসন ও অর্থ), তথ্য অধিদফতর, ঢাকা।
০৩। উপপ্রধান তথ্য অফিসার(সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
০৪। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
০৫। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয়/প্রেসট্রেন্ড/প্রোটকল),তথ্য অধিদফতর, ঢাকা।
০৬। চিফ ফিচার রাইটার/ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
০৭। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ, বিতরণ কর্মকর্তা ও সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা
০৮। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
০৯। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ মাহমুদুল হাসান
সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ((NIS)
ফোন: ৯৫৪৫৬৩৬